[redacted]

[redacted]

জামাইয়ের বিরুদ্ধে বিচারের দাবি শ্বশুরের

শারিরীক ও মানসিক নির্যাতনের শিকার বিপাশা বাবার বাড়িতে বাস করছেন দুই বছর। এ দুই বছরে স্বামী বা তাদের পরিবারের কেউ খোঁজ রাখেনি গৃহবধু বিপাশার।

অবশেষে বিপাশাকে স্বামীর ঘরে ফিরিয়ে দিতে বিচারের আশায় দারে দারে ঘুরছেন বাবা ওয়ারেশ। সম্প্রতি তিনি স্থানীয় একটি মানবাধিকার সংস্থায় আবেদনও করেছেন। ঘটনাটি ঘটেছে জেলার গাংনী পৌরসভাধীন বাঁশবাড়িয়া গ্রামে।

ঘটনার বিবরণে জানা যায়, মেহেরপুরের গাংনী পৌরসভার ১নং ওয়ার্ডের বাঁশবাড়ীয়া দক্ষিণ পাড়ার ভ্যানচালক ওয়ারেশ আলীর বড় মেয়ে বিপাশা খাতুনের একই গ্রামের মৃত ছকিমের ছেলে আনারুল ইসলাম (টটুল) এর সাথে প্রায় ৮ বছর আগে বিয়ে হয়। ৩-৪ মাস সুখে শান্তিতে চলে তাদের সংসার । তারপর থেকেই বিপাশার প্রতি শুরু হয় শারিরীক ও মানসিক নির্যাতন।

বিপাশা জানান, প্রায় ২ বছর যাবৎ আমি আমার বাবার বাড়ি আছি । আমার স্বামী আমার সাথে কোনো যোগাযোগ করেনি। আমি ফোন করলে সে আমাকে গালিগালাজ করতে থাকে।

বিপাশার বাবা ওয়ারেশ আলী বলেন, আনুমানিক গত ৫-৬ মাস আগে রাত ১০ টার দিকে একটি প্রাইভেটকার আমার বাড়িতে আসে। এক ব্যক্তি টুটুলের বন্ধু পরিচয় দিয়ে বলে আপনার জামাই অসুস্থ, হাসপাতালে ভর্তি আছে। আপনার মেয়ে বিপাশাকে আমাদের নিয়ে যেতে বলেছে।

কিন্ত তাদের কথা আমার বিশ্বাস হয়নি। গাড়ির ভিতরে ৪ জন ছিলো, প্রত্যেকেরই মুখ বাঁধা। পরে আমি চিৎকার করলে তারা পালিয়ে যায়।

বাড়ির আঙিনায় গড়ে উঠবে সবজি বাগান

করোনা সহিষ্ণু গ্রাম গড়ে তোলার লক্ষে প্রান্তিক জনগণের পুষ্টির যোগান নিশ্চিত কল্পে মেহেরপুরের গাংনী উপজেলার ৯০ টি গ্রামের তিন হাজার নারী ও পুরুষ কৃষকের মাঝে উন্নতমানের বিভিন্ন সবজি বীজ বিতরণ করেছে দি হাঙ্গার প্রজেক্ট- বাংলাদেশ।

করোনাকালিন অর্থনৈতিক মন্দা এবং সবজির দাম উর্দ্ধগতির ফলে প্রান্তিক মানুষজন তাদের প্রয়োজনীয় সবজির চাহিদা মেটাতে পারেনি। প্রান্তিক মানুষের সেই চাহিদার প্রতি খেয়াল রেখে দি হাঙ্গার প্রজেক্ট- বাংলাদেশ বিতরণ করেছে এসব সবজির বীজ।

এর আগে উপজেলার বিভিন্ন গ্রামের ত্রিশ জন করে নারী পুরুষকে এক সাথে করে বাড়ির আঙিনায় সবজি চাষ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়।

উপজেলা কৃষি অফিসের উপ-সহকারি কৃষি কর্মকর্তা এসব নারী পুরুষদের প্রশিক্ষণ প্রদান করেন।

প্রশিক্ষিত নারী পুরুষদের মাঝে আনুষ্ঠানিক ভাবে সবজি বীজ বিতরণ করেন স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যবৃন্দ।

মটমুড়া ইউনিয়ন পরিষদে বীজ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা কৃষি অফিসার কেএম শাহাবুদ্দিন।

তিনি বলেছেন বাড়ির অঙিনায় পতিত জমিগুলোতে সবজি চাষের ফলে পরিবারের সবজির চাহিদা মেটাতে পারবেন, তেমনি অর্থনৈতিক ভাবেও লাভবান হবেন। তাই, বিনামূল্যে পাওয়া বীজগুলোর ঠিক ভাবে বপন করে এই প্রকল্পের উদ্দেশ্য বাস্তবায়ন করবেন।

দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের গাংনী উপজেলার কো-অর্ডিনেটর হেলাল উদ্দিন জানান, বীজের পরিমাণ অনেক বেশি প্রদান করা হয়েছে। নিজের প্রয়োজন মিটিয়ে অতিরিক্ত বীজগুলো নষ্ট না করে পাশের বাড়ির লোকজনকে দিতে হবে।

বীজগুলো ঠিক ভাবে বপণ করার জন্য নারী পুরুষ কৃষককে অনুরোধ জানান এবং এগুলোর ঠিক ব্যবহার ও পরিচর্যার দেখার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের অনুরোধ

জানান।

মহানবী হযরত (সা:) এর ব্যঙ্গচিত্রের প্রতিবাদে মেহেরপুরে বিক্ষোভ মিছিল

ফ্রান্সে রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় মহানবী হযরত মুহাম্মদ (সা:) এর ব্যঙ্গচিত্র প্রদর্শনের প্রতিবাদে মেহেরপুরের আলমপুরে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ করা হয়েছে।

মঙ্গলবার বিকালে আলমপুর উত্তর পড়ার জামে মসজিদের সাধারণ সম্পাদক মহাদ্দেছ আলীর সভাপতিত্বে এই বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

এ সময় বিক্ষোভ মিছিলটি মেহেরপুর আলমপুর মোড় থেকে শুরু করে মেহেরপুর গাংনী উপজেলার গাড়াডোবের মোড় ঘুরে একই স্থানে ফিরে এসে শেষ হয়। সমাবেশে বক্তারা ফ্রান্স সরকারের কর্মকাণ্ডের সমালোচনা করে ফ্রান্সের সব ধরণের পণ্য বয়কট করার আহ্বান জানান।

প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন, আমঝুপি ইউনিয়নের ২ নং ওর্য়ড আওয়ামী লীগের সেক্রেটারি আবুল হাসেম, হাফেজ মোঃ মফিদুল ইসলাম, সাজেদুল ইসলাম, ইউনুস, সাগর, সোহেল রানা, সবুজ, নিশান, আবুজার, নয়ন মাসুম প্রমুখ।

মেহেরপুরে নতুন করে আজ পাঁচ জন

করোনায় আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আজ ০৫ জন করোনায় আক্রান্ত হয়েছেন বলে মেহেরপুর সিভিল সার্জন মেহেরপুর প্রতিদিন কে নিশ্চিত করেছেন।

এ নিয়ে জেলায় মোট আক্রান্ত হলেন ৬৭০ জন।

নতুন প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ২৩ টি। এর মধ্যে ০৫ টি পজিটিভ (সদর- ২, গাংনী- ৩)। এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৪৫৯৩ টি। এর মধ্যে করোনা পজেটিভ ৬৭০ টি।

মেহেরপুর জেলায় বর্তমানে পজিটিভ কেইস এর সংখ্যা ২৪ টি (সদর- ১২ গাংনী- ০৭ মুজিবনগর- ০৫) জন। এ পর্যন্ত জেলায় করোনা আক্রান্ত হয়ে মৃত্যু হয়ে- ১৬ জন। । এ পর্যন্ত সুস্থ্য হয়েছে ৫৭৬ জন।

বিভিন্ন সূত্রে পাওয়া পজিটিভদের পরিচয় গাংনী বেতবাড়িয়ার রাফি আহমেদ(০৫), রুপিয়া খাতুন(৪৫), ইউএনও অফিস সুরাইয়া বেগম(৬০), বাকি দুই জন মেহেরপুর শহরের নিউ কেয়া স্টোর রাওজাতুন্নেসা(৯০), সদরের আহমদ গ্রামের আসাদুল হক(৫২)।

গাংনীর মটমুড়া মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকের পদত্যাগ!

শিক্ষকদের নিয়োগ সংক্রান্ত ও নিবন্ধন বিষয়ে তথ্য চাওয়াই পদত্যাগ করেছেন মেহেরপুরের গাংনী উপজেলার মটমুড়া মাধ্যমিক বিদ্যালয়ের সহকারি বিএসসি শিক্ষক নাজমা খাতুন। গত মাসের প্রথম দিকে তিনি পদত্যাগ পত্রটি প্রতিষ্ঠানের সভাপতি ও প্রধান শিক্ষকের কাছে প্রেরণ করেন। তবে এ সংক্রান্ত কোনো কিছুই জানেন না বলে জানিয়েছেন মাধ্যমিক শিক্ষা অফিসার।

এদিকে ওই শিক্ষকের নিয়োগ সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে পাওয়া যায়নি। তিনি সকলের অগোচরে কাগজপত্রাদি সরিয়েছেন বলে দাবি করেছেন প্রতিষ্ঠানের প্রধান

গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাসার মেহেরপুর প্রতিদিনকে বলেন, শিক্ষকের পদত্যাগের বিষয়টি আমি লোকমুখে শুনেছি। আমার কাছে কোনো কাগজ আসেনি। এ মুহুর্তে পদত্যাগ করাটা প্রশ্নবিদ্ধ মনে হচ্ছে। মানুষের মধ্যে সন্দেহ হওয়াটাই স¦◌াভাবিক।

তবে আমরাও চাই যারা নিয়োগের সময় পরিচালনা কমিটির সুপারিশে এবং তথ্যগোপন রেখে বৈধ কাগজপত্র না থাকলেও নিয়োগ পেয়ে সরকারি সুবিধা ভোগ করেছেন তাদের বিরুদ্ধে যাচাই বাছাই করা জরুরি। ইতোমধ্যে আমরা বেশ কয়েকটি বিদ্যালয়ের শিক্ষকের তথ্য হাতে পেয়েছি। তা সংশ্লিষ্ট দপ্তরে পাঠানোর প্রক্রিয়া চলছে।

গাংনীর বামন্দী ফজলু ক্লিনিকে গৃহবধূর মৃত্যু’র ঘটনায় তদন্ত কমিটি গঠন

মেহেরপুরের গাংনীর বামন্দীতে আল শেফা ক্লিনিকে (ফজলু ক্লিনিক) গৃহবধূ সুরভী খাতুনের মৃত্যু’র ঘটনায় তদন্ত কমিটি গঠন করা হয়েছে। শনিবার গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: এম রিয়াজুল আলম ৫ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করেছেন।

তিনি বলেন, আবাসিক মেডিক্যাল অফিসার ডা: সাদিয়াকে আহবায়ক করে ৫ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে ৫ কর্মদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন দিতে বলা হয়েছে।

তদন্ত কমিটির প্রধান আবাসিক মেডিক্যাল অফিসার (আর এম ও) ডা: সাদিয়া জানান, রবিবার তদন্ত কমিটি প্রথম দিনের মত কার্যক্রম শুরু করবে। সত্যতা ও ন্যায় নিষ্ঠার মধ্যে দিয়ে তদন্ত করা হবে। প্রতিটা বিষয়কে সামনে এনে তদন্ত করে নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল করা হবে।

এদিকে আল শেফা ক্লিনিক (ফজলু ক্লিনিক) কর্তৃপক্ষ সুরভী খাতুনের পরিবারকে বিভিন্ন ভাবে চাপ প্রয়োগ অব্যাহত রেখেছে বলে সূত্রে

জানা গেছে। তবে এ বিষয়ে সুরভী খাতুনের পরিবারের সাথে কথা বলতে চাইলে তারা বলেন, মেয়ের মৃত্যুতে শোক কাটিয়ে উঠতে পারিনি। তবুও চারিদিকের চাপে দিশেহারা হয়ে পড়েছি এ বিষয়ে পরে কথা বলবো।

এদিকে নিজেদের অপকর্ম আড়াল করতে ছলচাতুরি শুরু করেছে ক্লিনিক কর্তৃপক্ষ। এ বিষয়ে কথা বলার জন্য ক্লিনিক মালিক নজরুল ইসলামের ব্যবহৃত মোবাইল ফোনে শনিবার রাত ৯ টা ৪৫ মিনিটে কল দিলে তিনি রিসিভ করেনি।

গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান, সুরভীর পরিবারের পক্ষ থেকে যখনই অভিযোগ দেবে তখনই ব্যবস্থা নেয়া হবে। তবে এখনও পর্যন্ত তার পরিবারের পক্ষ থেকে অভিযোগ দায়ের করেনি।

উল্লেখ্য: মেহেরপুর জেনারেল হাসপাতালের জুনিয়র কনসালটেন্ট ফজলুল হক তার ভাইয়ের ক্লিনিকে সুরভী খাতুন নামের এক গৃহবধূর সিজারিয়ান অপারেশন করার পর গত শুক্রবার সন্ধ্যায় তার মৃত্যু হয়। গত বুধবার বিকালে বামন্দীর আল শেফা ক্লিনিকে (ফজলু ক্লিনিক) তার সিজারিয়ান অপারেশন করা হয়।

গাংনীতে ভুল অপারেশনে গৃহবধূর মৃত্যু’র অভিযোগ

মেহেরপুরের গাংনীতে ভুল অপারেশনে সুরভী খাতুন (১৭) নামের এক গৃহবধূর মৃত্যু’র অভিযোগ উঠেছে। শুক্রবার সন্ধ্যায় রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। সুরভী খাতুন উপজেলার মটমুড়া ইউনিয়নের মোহাম্মদপুর পশ্চিমপাড়ার দিনমুজুর সুরুজ আলীর মেয়ে ও প¦◌ার্শবর্তী ডাংমড়কা গ্রামের বাঁশিরুল ইসলামের স্ত্রী।

সুরভীর খালু নাজমুল হক জানান, সুরভী খাতুনকে গত বুধবার বিকালে বামন্দীর আল শেফা ক্লিনিকে (ফজলু ক্লিনিক) সিজারিয়ান অপারেশনের জন্য নেয়া হয়। সেখানে সিজারিয়ান অপারেশন করার পর একটি পুত্র সন্তান হয়। ভুল অপারেশন করার কারণে তার রক্তক্ষরণ শুরু হলে

মৃত্যু’র সংবাদ পেয়ে পুলিশ পাঠানো হয়েছে।

মেহেরপুরের সিভিল সার্জন ডা: মো: নাসির উদ্দীন জানান, মৃত্যু’র ঘটনা দু:খ জনক। বিষয়টি তদন্ত পূর্বক ব্যবস্থা নেয়া হবে।

কমিউনিটি পুলিশিং ডে উপলক্ষ্যে গাংনীতে র্যালী ও আলোচনা সভা

“মুজিববর্ষের মুলমন্ত্র – কমিউনিটি পুলিশিং সর্বত্র” এই প্রতিপাদ্যে গাংনী থানা পুলিশ এর আয়োজনে কমিউনিটি পুলিশিং ডে-২০২০ উৎযাপন উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকেলে গাংনী থানা চত্ত্বর থেকে র্যালী বের হয়ে শহর প্রদক্ষিণ শেখে একই স্থানে শেষ হয়।

র্যালী শেষে গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ওবাইদুর রহমান এর সভাপতিত্বে এবং ওসি তদন্ত সাজেদুল ইসলাম এর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা কমিউনিটি পুলিশিং এর সভাপতি ও গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সাবেক উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আইনজীবি সমিতির সাবেক সভাপতি অ্যাডভোকেট একেএম শফিকুল আলম, জেলা পরিষদ সদস্য মজিরুল ইসলাম, গাংনী প্রেসক্লাব সভাপতি প্রভাষক রমজান আলী, জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি ও বামুন্দী ইউনিয়নের চেয়ারম্যান শহিদুল ইসলাম বিশ্বাস,

জেলা আওয়ামীলীগের ত্রাণ ও পুনর্বাসন বিষয়ক সম্পাদক মিজানুর রহমান রানা, মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদ, সাহারবাটি ইউনিয়নের চেয়ারম্যান গোলাম ফারুক, রাইপুর ইউনিয়নের চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু, গাংনী উপজেলা আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক নাজমুল হুদা বিশ্বাস, গাংনী পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক

আনারুল ইসলাম বাবু সহ আওয়ামীলীগ ও অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ।

বক্তারা কমিউনিটি পুলিশিং এর বিভিন্ন কার্যক্রম নিয়ে আলোচনা করেন। গাংনী উপজেলায় আইন শৃঙ্খলা পরিস্থিতি অত্যান্ত ভাল থাকায় থানার অফিসার ইনচার্জসহ পুলিশ বিভাগকে ধন্যবাদ জানান উপস্থিততিবৃন্দরা।

মহানবীর (সা.) ব্যঙ্গচিত্র প্রদর্শনের প্রতিবাদে গাংনীতে মানববন্ধন

ফ্রান্সে মহানবী হজরত মুহাম্মদ (সা.) এর ব্যাঙ্গচিত্র প্রদর্শনের প্রতিবাদে মেহেরপুরের গাংনীতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার জুম্মার নামাজের পর গাংনী বাজার বাসষ্টান্ডে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে ফ্রান্সের পণ্য বর্জনসহ বিশ্ব মুসলিম উন্মাহকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানানো হয়।

মানববন্ধনে বক্তব্য রাখেন ইসলামী আন্দোলন বাংলাদেশের সহকারী মহাসচিব মাওলানা মুহাম্মদ আব্দুল কাদের,গাংনী বাজার মসজিদের ঈমাম রুহুল আমীন, গাংনী উপজেলা জামে মসজিদের ঈমাম মাওলানা মুহাম্মদ ইলিয়াস হোসেন প্রমুখ। পরে কুশপুত্তলিকা দাহ করা হয়।